

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০২১-২২ অর্থবছরের বাস্তবায়িত

উদ্ভাবনী উদ্যোগের তালিকা:

নং	সেবার নাম/ বিষয়	বিবরণ	বাস্তবায়নের তারিখ
১.	সাধারণ চিকিৎসা অনুদান সহজিকরণ	সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থার কর্মচারীর নিজ ও পরিবারের সদস্যদের জন্য বছরে একবার চিকিৎসা অনুদান হিসেবে সর্বোচ্চ টা. ৪০,০০০/- প্রদান করা হয়। পূর্বে কর্মচারীর নিজ এবং তাঁর পরিবারের সদস্যগণ কর্মচারীর বয়স ৬৭ বছর পর্যন্ত এ অনুদান পেতেন। বর্তমানে কর্মচারী নিজে আমৃত্যু এবং তাঁর পরিবারের সদস্যগণ কর্মচারীর বয়স ৭৫ বছর পর্যন্ত এ অনুদান প্রাপ্য হবেন।	০১/০৭/২০২১ (বিধিমালা সংশোধনের মাধ্যমে কার্যকর করা হয়েছে)
২.	দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান	কর্মচারী অবসরের পর তার বয়স ৭৫ বছর পূর্ণ হওয়া পর্যন্ত সময়ের মধ্যে কর্মচারীর মৃত্যু হলে বা কর্মচারীর পরিবারের সদস্যের মৃত্যুতে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান প্রদান করা হবে। পূর্বে কর্মচারীর বয়স ৬৭ বছর পর্যন্ত এ অনুদান পেতেন।	০১/০৭/২০২১ (বিধিমালা সংশোধনের মাধ্যমে কার্যকর করা হয়েছে)
৩.	শিক্ষাবৃত্তি	কর্মচারী অবসরের পর তার বয়স ৭৫ বছর পূর্ণ হওয়া পর্যন্ত তার সর্বোচ্চ ২ সন্তানের ৯ম থেকে তদুর্ধ্ব শ্রেণিতে অধ্যয়নের জন্য বছরে একবার শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। পূর্বে কর্মচারীর বয়স ৬৭ বছর পর্যন্ত এ অনুদান পেতেন।	০১/০৭/২০২১ (বিধিমালা সংশোধনের মাধ্যমে কার্যকর করা হয়েছে)
সেবার নাম: কল্যাণ-যৌথবীমা-দাফন অনুদান			
৪.	“সরকারি কর্মচারীদের কল্যাণে সমন্বিত ই-অনুদান সিস্টেম বিভাগীয় পর্যায়ে বাস্তবায়ন”	কোন কর্মচারী কর্মরত/অবসরপ্রাপ্ত অবস্থায় মৃত্যুবরণ করলে তাঁর পরিবার বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে কল্যাণ অনুদান, যৌথবীমার এককালীন অনুদান ও দাফন অনুদান (কর্মরত ও অবসরপ্রাপ্ত অবস্থায় মৃত্যুজনিত) পেয়ে থাকেন। বর্ণিত ৪টি সেবাকে একীভূত করে ১টি ফরমে একই কাগজপত্র দিয়ে আবেদন গ্রহণ এবং একসাথে অনুমোদন প্রদানের অনলাইন ব্যবস্থাপনা চালু করা হয়।	বিভাগীয় পর্যায়ে ১৫/১২/২০২১ (বিজ্ঞপ্তি জারির মাধ্যমে কার্যকর করা হয়েছে) <input type="checkbox"/> সফটওয়্যারের লিংক: sss.bkbb.gov.bd <input type="checkbox"/> বিভাগীয় পর্যায়ে অনলাইন ব্যবস্থাপনা চালুর বিজ্ঞপ্তি জারি: ১৪/১১/২০২১
সেবার নাম: জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান			
৫.	“জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান” সেবার যাচাই বাছাই সংক্রান্ত ২টি কমিটি একীভূত করে ১টি কমিটি গঠন করা হয়েছে”।	কমিটি পুনর্গঠন: ◆ পূর্বের আবেদন যাচাই বাছাই সংক্রান্ত স্বাস্থ্য অধিদপ্তরের স্থায়ী মেডিকেল বোর্ড এবং অভ্যন্তরীণ যাচাই বাছাই কমিটিকে একীভূত করে মহাপরিচালককে সভাপতি করে ১টি বাছাই কমিটি করা হয়েছে; ◆ এতে অন্য দপ্তরের ওপর নির্ভরশীলতা কমেছে এবং অনুদান মঞ্জুরিতে প্রায় ১২ দিন সময় সাশ্রয় হয়েছে। সময়াবদ্ধ কর্মপরিকল্পনা: ◆ প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে যাচাই-বাছাই কমিটির সভা অনুষ্ঠান (পূর্ববর্তী মাসের সকল আবেদন নিয়ে); ◆ প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান; ◆ প্রতি মাসের ২৮ তারিখের মধ্যে ইএফটি এর তালিকা ব্যাংকে প্রেরণ।	১৩/০৯/২০২১ (বিধিমালা সংশোধনের মাধ্যমে কার্যকর করা হয়েছে)

নং	সেবার নাম/ বিষয়	বিবরণ	বাস্তবায়নের তারিখ
৬.	পেনশন ইএফটি এর মাধ্যমে প্রেরণ	বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের পেনশন ইএফটি এর মাধ্যমে প্রেরণ করা হচ্ছে।	১০/০৪/২০২২
৭.	সরকারি কর্মচারীদের বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) শিশুদের পূর্ণবাসন কেন্দ্র স্থাপন	সরকারি কর্মচারীদের বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) শিশুদের পূর্ণবাসন কেন্দ্র স্থাপনের লক্ষ্যে গাজীপুরে দক্ষিণ পারিসাইল মৌজার ১নং খাস খতিয়ানভুক্ত এসএ-২৮ আরএস-৫৪ দাগে ৩.৩৪২৫ একর এবং এসএ-৩৯ আরএস-৫৬ দাগে ০.৩৬ একর একুনে ৩.৭০২৫ একর চালা শ্রেণির জমি টা. ১০,০০১/- প্রতীকী মূল্যে ১৫/০৬/২০২২ তারিখে মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা এর অনুকূলে দীর্ঘমেয়াদী বন্দোবস্ত লীজ দলিল (রেজিস্ট্রেশন) গ্রহণ করা হয়।	১৫/০৬/২০২২